


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




সোমবার | ২৮ নভেম্বর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৮৪ সংখ্যা | ১৩ অগ্রহায়ণ ১৪২৯ সাল | ৩ জমাদিউল আউয়াল ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*আইআইইউসির আইন বিভাগের বিদায় অনুষ্ঠানে অতিথিবৃন্দ*

# আইআইইউসির আইন বিভাগে ফেয়ারওয়েল

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে (আইআইইউসি) ২৬ নভেম্বর বেলা ১১টায় সেন্ট্রাল অডিটোরিয়ামে আইন বিভাগের উদ্যোগে বিভাগের ৩২ তম ব্যাচের ছাত্রদের ফেয়ারওয়েল প্রোগ্রাম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আইন বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান মোঃ মনজুর হোসেন পাটোয়ারীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার এ এফ এম আখতারুজ্জামান কায়সার।

উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ সমাজে ন্যায় বিচার প্রতিষ্ঠায় আইনজীবীদের ভূমিকার উপর আলোকপাত করতে গিয়ে তিনি বলেন, একজন গরিব, অসহায় বিচার প্রার্থী মানুষের মুখে হাসি ফুটাতে পারে শুধুমাত্র একজন সৎ যোগ্য ও নিষ্ঠাবান আইনজীবী। তোমরাই হবে সেই নিষ্ঠাবান সৎ ও যোগ্য আইনজীবী, বিচারক, শিক্ষক ও উচ্চপদস্থ কর্মকর্তা।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আইন বিভাগের শিক্ষক ডক্টর কাজী এরসাদুল হক, প্রাক্তন চেয়ারম্যান মোঃ রিদওয়ান গনি, মোহাম্মদ নাসির উদ্দিন, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রীদের সংগঠন আই আই ইউ সি ল'এল্যামনি অ্যাসোসিয়েশনের সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী এডভোকেট মাহবুবুল হাসান অনু, সম্পাদক রবিউল হোসেন নয়ন, বিভাগের শিক্ষকবৃন্দ সহ বিভিন্ন সেমিস্টারের ছাত্ররা। অনুষ্ঠান শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহাফিল পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষা ও সাহিত্য বিভাগের সভাপতি ডক্টর মাহমুদুল হাসান। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 28 November 2022, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-11-28




চট্টগ্রাম সোমবার ২৮ নভেম্বর ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ২৭৭তম সংখ্যা ।। ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ ।। ৩ জমাদিউল আউয়াল ১৪৪৪ হিজরি ।। Monday 28 November 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




# আইআইইউসি আইন বিভাগের ফেয়ারওয়েল ও দোয়া মাহফিল

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এ গত ২৬ নভেম্বর সেন্ট্রাল অডিটোরিয়ামে আইন বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, আইন বিভাগের শিক্ষক




*আইআইইউসি আইন বিভাগের ৩২তম ব্যাচের ফেয়ারওয়েল প্রোগ্রাম*

বিভাগের ৩২ তম ব্যাচের ফেয়ারওয়েল প্রোগ্রাম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আইন বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান মো. মনজুর হোসেন পাটোয়ারীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী ড. কাজী এরসাদুল হক, প্রাক্তন চেয়ারম্যান মো. রিদওয়ান গনি, মোহাম্মদ নাসির উদ্দিন, আইআইইউসি ল'এলামুনি এসোসিয়েশনের সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী এডভোকেট মাহবুবুল হাসান অনু, সম্পাদক রবিউল হোসেন নয়ন, বিভাগের বিভিন্ন সেমিস্টারের ছাত্রবৃন্দ সহ অন্যান্য শিক্ষকবৃন্দ।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 28 November 2022, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-11-28